


প্রকাশ্য নিলামের মাধ্যমে গাছ বিক্রয়ের বিজ্ঞপ্তি

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, লাকসাম উপজেলা ভূমি অফিসের সীমানা প্রাচীরের অভ্যন্তরে ঝরে পড়া বিভিন্ন প্রজাতির মোট ৬৪ (চৌষট্টি) টি গাছ (যে অবস্থায় আছে) নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে প্রকাশ্যে নিলামের মাধ্যমে বিক্রয়ের ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। এমতাবস্থায় আগামী ২৫/১১/২০২৫ খ্রিঃ তারিখ রোজ মঙ্গলবার বিকাল-০৩.০০ ঘটিকায় উপজেলা নির্বাহী অফিসার, লাকসাম, কুমিল্লা এর কার্যালয়ে প্রকাশ্যে নিলাম ডাক অনুষ্ঠিত হবে। গাছ ক্রয়ে ইচ্ছুক, আগ্রহী প্রকৃত কাঠ ব্যবসায়ী/প্রতিষ্ঠান/ আগ্রহী ব্যক্তিবর্গকে প্রকাশ্য নিলাম ডাকে অংশগ্রহণ করার জন্য অনুরোধ করা হলো।

শর্তাবলি

- ০১) প্রকাশ্য নিলামে অংশগ্রহণে ইচ্ছুক ব্যক্তি/ প্রতিষ্ঠানকে নির্দিষ্ট তারিখ ও সময়ে নিলাম কমিটির নিকট নগদ -৫০০০/- (পাঁচ হাজার) টাকা জমা দিয়ে নিলাম ডাককারী হিসাবে তালিকাভুক্ত হতে হবে।
- ০২) সর্বোচ্চ নিলাম ডাককারীর জমাকৃত ৫০০০/- (পাঁচ হাজার) টাকাজামানত হিসাবে জমা থাকবে এবং অকৃতকার্য নিলাম ডাককারীর জমাকৃত টাকা তাৎক্ষণিক ফেরত দেওয়া হবে।
- ০৩) কৃতকার্য নিলাম ডাককারীকে ডাককৃত টাকা সঙ্গে সঙ্গে পরিশোধ করতে হবে। সমুদয় টাকা নির্ধারিত সময়ের মধ্যে পরিশোধে ব্যর্থ হলে নিলাম ডাক বাতিল বলে গণ্য হবে এবং নিলাম ডাককারীর জমাকৃত টাকা বাজেয়াপ্ত করা হবে।
- ০৪) নিলামে অংশগ্রহণের পূর্বে বিভিন্ন প্রজাতির মোট ১০ টি গাছ সরোজমিনে দেখে নিতে হবে।
- ০৫) সর্বোচ্চ ডাককারীকে প্রচলিত সরকারী নিয়ম মোতাবেক উদ্বৃত্ত ডাকের ১৫% হারে আয়কর ও ১০% হারে ভ্যাট ডাক মূল্যের অতিরিক্ত হিসাবে পরিশোধ করতে হবে।
- ০৬) গাছ কর্তৃকালে সীমানা প্রাচীরসহ অন্যান্য স্থাপনা ক্ষতি করা যাবে না।
- ০৭) সর্বোচ্চ ডাককারী ডাকগ্রহণের দিন থেকে গাছের রক্ষণাবেক্ষণ ও গাছের হেফাজতের পূর্ণ দায়িত্ব গ্রহণ করবেন ডাক গ্রহণের পর থেকে গাছ নষ্ট বা চুরি হলে কর্তৃপক্ষ দায়ী থাকবে না।
- ০৮) সূর্যাস্ত হতে সূর্যদয় অর্থাৎ রাত্রিকালীন কোন গাছ কর্তন বা অপসারণ করা যাবে না।
- ০৯) সর্বোচ্চ নিলাম ডাককারী ডাক গ্রহণের ০৫(পাঁচ) দিনের মধ্যে গাছসমূহ কর্তন এবং অপসারণ করবেন।
- ১০) প্রকাশ্যে নিলাম চলাকালে কোন নিলামকারী কোন প্রকার বিশৃঙ্খলা বা বিঘ্ন সৃষ্টি করলে তার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে। এবং প্রযোজ্য ক্ষেত্রে ব্যক্তি প্রতিষ্ঠানের জামানত বাজেয়াপ্ত করা হবে।
- ১১) সর্বোচ্চ বা যেকোন ডাক গ্রহণ করা বা না করা কমিটির এখতিয়ার ভুক্ত এ জন্য নিলাম কমিটি কাউকে কোন প্রকার ব্যাখ্যা বা কৈফিয়ত দিতে বাধ্য নহে এ ব্যাপারে কোন প্রকার আপত্তি আমলে আসবে না।
- ১২) কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ছাড়াই উক্ত নিলাম কার্যক্রম স্থগিত বা বাতিল বা পরিবর্তন/পরিবর্ধনের অধিকার সংরক্ষণ করে।



মিলন চাকমা
সহকারী কমিশনার (ভূমি)
ও সদস্য সচিব
উপজেলা নিলাম কমিটি
লাকসাম, কুমিল্লা

তারিখ: ০২ অগ্রহায়ণ ১৪৩২
১৬ নভেম্বর ২০২৫

স্মারক নং-৩১.২০.১৯৭২.০০০.২৭.০০৩.২৫ - ৬৬২

অনুলিপি: সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য

০১। জেলা প্রশাসক ও সভাপতি, জেলা নিলাম কমিটি, কুমিল্লা

০২। প্রশাসক, উপজেলা পরিষদ লাকসাম কুমিল্লা

০৩। উপজেলা নির্বাহী অফিসার ও সভাপতি উপজেলা নিলাম কমিটি, লাকসাম, কুমিল্লা

০৪। মেয়র/ প্রশাসক লাকসাম পৌরসভা, লাকসাম, কুমিল্লা

০৫। অফিসার ইনচার্জ, লাকসাম থানা, কুমিল্লা

০৬। উপজেলা অফিসার ও সদস্য উপজেলা নিলাম কমিটি, লাকসাম, কুমিল্লা


০৭। চেয়ারম্যান/প্রশাসক (সকল) ইউনিয়ন পরিষদ, লাকসাম, কুমিল্লা বহল প্রচারের জন্য অফিসের নোটিশ বোর্ড এবং ওয়েব পোর্টালে আপলোড করার অনুরোধসহ

০৮। সহকারী প্রোগ্রামার, লাকসাম কুমিল্লা বহল প্রচারের জন্য উপজেলা নির্বাহী অফিসারের ওয়েব পোর্টালে আপলোড করার অনুরোধসহ

০৯। ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা সকল লাকসাম, কুমিল্লা। বহল প্রচারের জন্য অফিসের নোটিশ বোর্ড এবং ওয়েব পোর্টালে আপলোড করার অনুরোধসহ

১০। নোটিশ বোর্ড (উপজেলা ভূমি অফিস, উপজেলা পরিষদ, পৌরসভা এবং সকল ইউনিয়ন ভূমি অফিস অফিস)

১১। অফিস কপি


মিলন চাকমা
সহকারী কমিশনার (ভূমি)
ও সদস্য সচিব
উপজেলা নিলাম কমিটি
লাকসাম, কুমিল্লা